খসড়া

# বাল্যবিবাহ নিরোধ বিধিমালা, ২০১৭

বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ (২০১৭ সালের ০৬নং আইন) এর ধারা ২০-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেনঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও** এই বিধিমালা বাল্যবিবাহ নিরোধ বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) ''আইন'' অর্থ বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ (২০১৭ সালের ৬নং আইন);

(খ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) ''ফরম'' অর্থ এই বিধিমালার তফসিলে উল্লিখিত কোন ফরম;

(ঘ) "যাচাই কমিটি" অর্থ এই বিধিমালার ৬ বিধিতে উল্লিখিত অপ্রাপ্ত বয়স্কের সর্বোত্তম স্বার্থ যাচাই কমিটি;

**৩। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত কমিটিসমূহ গঠিত হইবে, যথা:-**

**৩.১ বাল্যবিবাহ প্রতিরোধকল্পে জাতীয় কমিটি:-**

(ক) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জাতীয় কমিটি হইবে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) যথা:-

| | |
|---|---|
| ১। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, যিনি ইহার সভাপতিও হইবেন;* |
| ২। | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়; |
| ৩। | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়; |
| ৪। | সচিব, আইন ও বিচার বিভাগ; |
| ৫। | সচিব, স্থানীয় সরকার বিভাগ; |
| ৬। | সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; |
| ৭। | সচিব, তথ্য মন্ত্রণালয়; |
| ৮। | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়; |
| ৯। | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়; |
| ১০। | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়; |
| ১১। | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়; |
| ১২। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; |
| ১৩। | সচিব, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; |
| ১৪। | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়; |
| ১৫। | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়; |

* মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রী উভয়ে থাকিলে মাননীয় মন্ত্রী সভাপতি এবং মাননীয় প্রতিমন্ত্রী বিকল্প সভাপতির দায়িত্ব পালন করিবেন।

| | |
|---|---|
| ১৬। | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়; |
| ১৭। | সচিব, ধর্ম মন্ত্রণালয়; |
| ১৮। | মন্ত্রিপরিষদ বিভাগের অন্যূন্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি; |
| ১৯। | অ্যাটর্নি জেনারেল বাংলাদেশ কর্তৃক মনোনীত অন্যূন্য অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল পদমর্যাদার একজন প্রতিনিধি; |
| ২০। | মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়; |
| ২০। | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর; |
| ২১। | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা; |
| ২২। | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি; |
| ২৩। | সরকার কর্তৃক মনোনীত দুইটি এনজিও'র দুইজন প্রতিনিধি (বাল্যবিবাহ প্রতিরোধ/নারী ও শিশু অধিকার সংরক্ষণে যাহাদের ন্যূনপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা রহিয়াছে); |
| ২৪। | বাংলাদেশ মানবাধিকার কমিশনের সদস্য (শিশু অধিকার); |
| ২৫। | সরকার কর্তৃক মনোনীত তিনজন নারী প্রতিনিধি (বাল্যবিবাহ প্রতিরোধ/নারী ও শিশু অধিকার সংরক্ষণে যাহাদের ন্যূনপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা রহিয়াছে); |
| ২৬। | যুগ্ম-সচিব, /উপ সচিব (সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় যিনি ইহার সদস্য সচিবও হইবেন। |

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপট করিতে পারিবেন।

(খ) জাতীয় কমিটির কার্যাবলি ও কার্যপরিধি নিম্নরূপ হইবে, যথা:-

(১) কমিটি বৎসরে ন্যূনপক্ষে একবার সভায় মিলিত হইবেন;

(২) কমিটি বাল্যবিবাহ প্রতিরোধ ও নিরোধকল্পে জেলা কমিটির মাধ্যমে সকল কার্যক্রম তদারকি, সমন্বয়, পরীবিক্ষণ ও মূল্যায়ন করিবেন।

(৩) কমিটি বাল্যবিবাহ প্রতিরোধ ও নিরোধে চ্যালেঞ্জসমূহ চিহ্নিত এবং তাহা নিরসনে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করিবেন।

(৪) কমিটি বাল্যবিবাহ নিরোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে লোক-সংস্কৃতি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসহ স্থানীয় পত্রিকা, কেবল নেটওয়ার্ক, বিলবোর্ড, পোস্টার, লিফলেট, ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়াম, সামাজিক নেটওয়ার্কিং এর মাধ্যমে বাল্যবিবাহের কুফল সম্পর্কে প্রচারণার ব্যবস্থা গ্রহণ এবং এই বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, সরকারি-বেসরকারি সংস্থা ও কমিটিকে প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান করিবে। এ ছাড়াও বাল্যবিবাহ প্রতিরোধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের জন্য হট লাইন স্থাপনের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৫) কমিটি বাল্যবিবাহ নিরোধকল্পে প্রয়োজনীয় নীতি নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ এবং এতদসংক্রান্ত জাতীয় কর্ম পরিকল্পনা ও নীতিসমূহের মধ্যে সমন্বয় সাধন করিবেন।

(৬) ডাটা ব্যাংক ও ডাটাবেইজ তৈরীর উদ্যোগ গ্রহণ করিবেন।

৩.২ বাল্যবিবাহ প্রতিরোধকল্পে জেলা কমিটি:-

ক. বাল্যবিবাহ প্রতিরোধকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জেলা কমিটি গঠিত হইবে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) যথা:-

| | |
|---|---|
| ১ | জেলা প্রশাসক, যিনি ইহার সভাপতিও হইবেন; |
| ২ | পুলিশ সুপার; |
| ৩ | সিভিল সার্জন; |
| ৪ | পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ৫ | সিটি করপোরেশনের মেয়র কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ৬ | জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি |
| ৭ | পৌরসভা মেয়র (সদর); |
| ৮ | উপজেলা পরিষদের চেয়ারম্যান (সকল); |
| ৯ | উপজেলা নির্বাহী অফিসার (সকল); |
| ১০ | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত জেলা সদরে অবস্থিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের ১ জন প্রধান শিক্ষক ও জেলা সদরে অবস্থিত কলেজের ১ জন অধ্যক্ষ; |
| ১১ | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত জেলা সদরে অবস্থিত মাদ্রাসার ১ জন তত্ত্বাবধায়ক এবং জেলা সদরে অবস্থিত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের ১ জন প্রধান শিক্ষক; |
| ১২ | জেলা তথ্য কর্মকর্তা; |
| ১৩ | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা; |
| ১৪ | জেলা শিক্ষা কর্মকর্তা; |
| ১৫ | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা; |
| ১৬ | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর; |
| ১৭ | জেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা; |
| ১৮ | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর; |
| ১৯ | জেলা নিবন্ধক; |
| ২০ | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ; |
| ২১ | জেলা চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা; |
| ২২ | সভাপতি, জেলা বিবাহ রেজিস্ট্রারার সমিতি; |
| ২৩ | সভাপতি, প্রেসক্লাব; |
| ২৪ | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত দুইটি এনজিও'র দুইজন প্রতিনিধি, (বাল্যবিবাহ প্রতিরোধ/ নারী ও শিশু অধিকার সংরক্ষণে যাহাদের ন্যূনপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা রহিয়াছে); |
| ২৫ | জেলা প্রশাসক প্রশাসক কর্তৃক মনোনীত জেলার দুইজন নারী প্রতিনিধি, (বাল্যবিবাহ প্রতিরোধ/নারী ও শিশু অধিকার সংরক্ষণে যাহাদের ন্যূনপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা রহিয়াছে); |
| ২৬ | বিজ্ঞ পিপি; |
| ২৭ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, যিনি ইহার সদস্য সচিবও হইবেন; |
| ২৮ | জেলা লিগ্যাল এইড কর্মকর্তা; |
| ২৯ | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত জেলা সদরে অবস্থিত উচ্চ বিদ্যালয়ের একজন ছাত্র এবং বালিকা উচ্চ বিদ্যালয়ের একজন ছাত্রী। |

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপট করিতে পারিবেন।

(খ) জেলা কমিটির কার্যাবলী ও কার্যপরিধি নিম্নরূপ হইবে, যথা:-

(১) কমিটি বছরে ন্যূনপক্ষে দুইবার সভায় মিলিত হইবেন;

(২) কমিটি বাল্যবিবাহ প্রতিরোধকল্পে উপজেলা কমিটির কার্যক্রম তদারকি, সমন্বয়, পরীবিক্ষণ ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করিবেন;

(৩) জাতীয় কমিটি হইতে প্রাপ্ত নির্দেশনা/ সুপারিশসমূহ বাস্তবায়ন করিবেন;

(৪) কমিটি বাল্যবিবাহ নিরোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে লোক সংস্কৃতি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসহ স্থানীয় পত্রিকা, কেবল নেটওয়ার্ক, বিলবোর্ড, পোস্টার, লিফলেট, ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়াম, সামাজিক নেটওয়ার্কিং এর মাধ্যমে বাল্যবিবাহের কুফল সম্পর্কে প্রচারণার ব্যবস্থা গ্রহণ করিবেন;

(৫) বাল্যবিবাহ নিরোধে চ্যালেঞ্জসমূহ চিহ্নিত এবংতাহা মোকাবেলায় জাতীয় কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ করিবেন।

**(৩.৩)বাল্যবিবাহ প্রতিরোধকল্পে উপজেলা কমিটি:-**

(ক) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উপজেলা কমিটি গঠিত হইবে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) যথা:-

| | |
|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার, যিনি উহার সভাপতিও হইবেন; |
| ২। | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা; |
| ৩। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা; |
| ৪। | উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান; |
| ৫। | পৌরসভা মেয়র কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (যদি থাকে); |
| ৬। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা; |
| ৭। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা; |
| ৮। | উপজেলা সমবায় কর্মকর্তা; |
| ৯। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা; |
| ১০। | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা; |
| ১১। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা; |
| ১২। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা; |
| ১৩। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের ১জন প্রধান শিক্ষক ও কলেজের ১জন অধ্যক্ষ; |
| ১৪। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত উপজেলা সদরে অবস্থিত মাদ্রাসার ১জন তত্ত্বাবধায়ক এবং উপজেলা সদরে অবস্থিত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের ১ জন প্রধান শিক্ষক; |
| ১৫। | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল); |
| ১৬। | মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত বাল্যবিবাহ প্রতিরোধ/নারী ও শিশু অধিকার সংরক্ষণ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ১জন পুরুষ এবং ১ জন মহিলা সদস্য; |
| ১৭। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ২টি এনজিও'র প্রতিনিধি, (বাল্যবিবাহ প্রতিরোধ/নারী ও শিশু অধিকার সংরক্ষণে যাহাদের ন্যূনপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা রহিয়াছে); |
| ১৮। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ২ জন প্রতিনিধি, (বাল্যবিবাহ প্রতিরোধ/নারী ও |

| | |
|---|---|
| | শিশু অধিকার সংরক্ষণে যাহাদের ন্যূনপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা রহিয়াছে); |
| ১৯। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, যিনি ইহার সদস্য সচিবও হইবেন। |
| ২০। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত উপজেলা সদরে অবস্থিত উচ্চ বিদ্যালয়ের ১ জন ছাত্র এবং বালিকা উচ্চ বিদ্যালয়ের ১ জন ছাত্রী। |

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপট করিতে পারিবেন।

(খ) উপজেলা কমিটির কার্যাবলী ও কার্যপরিধি নিম্নরূপ হইবে, যথা:-

(১) উপজেলা কমিটি প্রতি তিনমাসে একবার সভায় মিলিত হইবেন এবং জেলা কমিটির নিকট তফসিল-১ এ উল্লিখিত ফরম অনুযায়ী প্রতিবেদন প্রেরণ করিবেন।

(২) কমিটি বাল্যবিবাহ প্রতিরোধকল্পে ইউনিয়ন কমিটির কার্যক্রম তদারকি, সমন্বয়, পরীবিক্ষণ ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করিবেন;

(৩) জেলা কমিটি হইতে প্রাপ্ত নির্দেশনা/সুপারিশ বাস্তবায়ন করিবেন;

(৪) কমিটি বাল্যবিবাহ প্রতিরোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে লোক সংস্কৃতি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসহ স্থানীয় পত্রিকা, কেবল নেটওয়ার্ক, বিলবোর্ড, পোস্টার, লিফলেট, ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়াম, সামাজিক নেটওয়ার্কিং এর মাধ্যমে বাল্যবিবাহের কুফল সম্পর্কে প্রচারণার ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৫) প্রতি পঞ্জিকা বৎসরের শুরুতে বাল্যবিবাহ প্রতিরোধকল্পে কর্মপরিকল্পনা গ্রহণ ও তাহা বাস্তবায়ন করিবেন;

(৬) বাল্যবিবাহ নিরোধে চ্যালেঞ্জসমূহ চিহ্নিত এবং তাহা মোকাবেলায় জেলা কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ করিবেন;

**(৩.৪) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে ইউনিয়ন কমিটি-**

(ক) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে ইউনিয়ন কমিটির গঠন হইবে নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) যথা:-

| | |
|---|---|
| ১। | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, যিনি উহার সভাপতিও হইবেন; |
| ২। | ইউনিয়ন পরিষদের সকল ওয়ার্ড সদস্য; |
| ৩। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ইউনিয়নে অবস্থিত উচ্চ বিদ্যালয়ের ১ জন প্রধান শিক্ষক; |
| ৪। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ইউনিয়নে অবস্থিত প্রাথমিক বিদ্যালয়ের ১ জন প্রধান শিক্ষক; |
| ৫। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ইউনিয়নে অবস্থিত মাদ্রাসার ১ জন তত্ত্বাবধায়ক; |
| ৬। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ইউনিয়নে অবস্থিত এবতেদায়ী মাদ্রাসার ১ জন শিক্ষক; |
| ৭। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত দুইজন এনজিও প্রতিনিধি, (বাল্যবিবাহ প্রতিরোধ/নারী ও শিশু অধিকার সংরক্ষণে যাহাদের ন্যূনপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা রহিয়াছে); |
| ৮। | ইউনিয়নের মধ্যে অবস্থিত সকল ধর্মের বিবাহ রেজিস্ট্রারার; |
| ৯ | ইউনিয়ন সমাজকর্মী; |
| ১০। | ইউনিয়ন পরিষদের সচিব, যিনি ইহার সদস্য সচিবও হইবেন; |
| ১০। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ইউনিয়নে অবস্থিত উচ্চ বিদ্যালয়ের ১ জন ছাত্র এবং |

| | বালিকা উচ্চ বিদ্যালয়ের ১ জন ছাত্রী। |
|---|---|

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপট করিতে পারিবেন।

(খ) ইউনিয়ন কমিটির কার্যাবলী-

(১) উপজেলা কমিটি হইতে প্রাপ্ত নির্দেশনা/সুপারিশ বাস্তবায়ন করিবেন;

(২) প্রতি পঞ্জিকা বৎসরের শুরুতে বাল্যবিবাহ প্রতিরোধকল্পে কর্মপরিকল্পনা গ্রহণ ও তাহা বাস্তবায়ন করিবেন;

(৩) বাল্যবিবাহ নিরোধে চ্যালেঞ্জসমূহ চিহ্নিত এবং তাহা মোকাবেলায় উপজেলা কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ করিবেন;

(৪) কমিটি প্রতি মাসে একবার সভা আহ্বান এবং উপজেলা কমিটির নিকট তফসিল-২ এ উল্লিখিত ফরম অনুযায়ী প্রতিবেদন প্রেরণ করিবেন।

(৫) শিশু বিষয়ক কমিটি এবং কাযর্ক্রমসমূহের মধ্যে সমন্বয়।

৪। (১) আইনের ১৯ ধারার বিশেষ বিধানের আওতায় আদালতের নির্দেশে সম্পাদিত বিবাহ ব্যতীত বাল্যবিবাহ নিবন্ধিত/সম্পাদিত হইলে সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এর সত্যতা যাচাই করিয়া মামলা দায়ের করিবেন।

(২) আইনের ধারা ৪ এ বর্ণিত উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ব্যতীত অন্য কোন কর্মকর্তা বা স্থানীয় সরকারের প্রতিনিধি বাল্যবিবাহ বন্ধের উদ্যোগ গ্রহণ করিয়া ব্যর্থ হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা বা স্থানীয় সরকারের প্রতিনিধি উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করিবেন।

(৩) উক্তরূপ সংবাদ প্রাপ্তির পর উপজেলা নির্বাহী অফিসার/নির্বাহী ম্যাজিস্ট্রেট মোবাইল কোর্ট পরিচালনা বা স্বীয় বিবেচনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া বাল্যবিবাহ বন্ধ করিবেন।

**৫। বাল্যবিবাহ বন্ধে উদ্যোগী হইবার মুচলেকা।**

(১) বাল্যবিবাহের উদ্যোগ গ্রহণ করিয়াছেন কিন্তু বিবাহ সম্পন্ন হয় নাই, এইরূপ কোন ব্যক্তি তফসিল-৩ বর্ণিত ফরম অনুযায়ী একটি মুচলেকা/বন্ড দাখিল করিলে উক্ত ব্যক্তি অভিযোগ হইতে অব্যাহতি পাইবেন।

(২) মুচলেকা বা বন্ড প্রদানকারী পরবর্তীতে মুচলেকার শর্ত ভংঙ্গ করিলে আইনের ৮ ধারা অনুয়ায়ী দন্ডিত হইবেন।

(৩) মুচলেকা বা বন্ড এর তথ্য সংরক্ষণের জন্য একটি রেজিষ্টারে বন্ড প্রদানকারীর নাম, তারিখ, শর্তাবলী ও সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন।

**৬। বাল্যবিবাহের বিশেষ বিধান প্রয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসৃত হইবে,** যথা:

৬(১)- অপ্রাপ্ত বয়স্কের সর্বোত্তম স্বার্থে আইনের ২(১) ধারায় বর্ণিত বয়সসীমার পূর্বে বিবাহ আবশ্যকীয় হইলে ৬(২) উপ-বিধিতে গঠিত যাচাই কমিটির বরাবরে অপ্রাপ্ত বয়স্কের পিতা-মাতা/ আইনগত অভিভাবক বা অপ্রাপ্ত বয়স্ক প্রযোজ্য ক্ষেত্রে দালিলিক প্রমানসহ আবেদন করিতে পারিবেন।

৬(২)- অপ্রাপ্ত বয়স্কের সর্বোত্তম স্বার্থ যাচাই কমিটি:

(ক) নিম্নে বর্ণিত সদস্য সমন্বয়ে অপ্রাপ্ত বয়স্কের সর্বোত্তম স্বার্থ যাচাই কমিটি গঠিত হইবে, যথা:

(১) উপজেলা নির্বাহী অফিসার, যিনি ইহার সভাপতিও হইবেন;
(২) উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন মেডিকেল অফিসার;
(৩) উপজেলা সমাজসেবা কর্মকর্তা;
(৪) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর,
(৪) পৌরসভা/ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের সংরক্ষিত মহিলা সদস্য;
(৫) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ১ জন কিশোর ও ১ জন কিশোরী;
(৬) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(খ) কমিটির কার্যপরিধি:

(১) আইনের ১৯ ধারায় বর্ণিত বিশেষ বিধানের আলোকে আবেদন প্রাপ্তির পর ৬(২) উপ বিধিতে গঠিত যাচাই কমিটি নিম্নোক্ত বিষয়সমূহ যাচাই ও অনুসন্ধান করিয়া নিশ্চিত করিবেন;

(ক) আবেদিত বিবাহটি জোরপূর্বক সংঘটিত হইতেছে না;
(খ) আবেদিত বিবাহটি ধর্ষণ, অপহরণ, জোরপূর্বক শারীরিক সম্পর্ক স্থাপন ইত্যাদি কারণে সংঘটিত হইতেছে না;
(গ) আবেদিত বিষয়ে ধর্ষণ, অপহরণ, জোরপূর্বক শারীরিক সম্পর্ক স্থাপন বিষয়ে সংশ্লিষ্ট পক্ষদ্বয়ের মধ্যে কোন মামলা বিচারাধীন নাই;
(ঘ) বিবাহটি অপ্রাপ্ত বয়স্কের সর্বোত্তম স্বার্থে এবং সর্বশেষ বিকল্প হিসেবে হইতেছে;
(ঙ) আবেদন প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে উদ্যোগ গ্রহণ এবং ১(এক) মাসের মধ্যে নিষ্পত্তি করিবেন।

(২) কার্যপরিধির আলোকে যাচাই কমিটি নির্ধারিত বয়সসীমার পূর্বে আবেদিত বিবাহের আবশ্যকতা থাকিলে সুস্পষ্ট মতামতসহ শিশু আদালতে প্রতিবেদন দাখিল করিবেন;

৬(৩) উপ-বিধি ৬(২)-এ বর্ণিত প্রতিবেদন প্রাপ্তির পর আদালত তাহা বিবেচনা করিবেন; তবে আদালত প্রয়োজন মনে করিলে এই বিষয়ে তদন্ত বা পুন:তদন্তের আদেশ দিতে পারিবেন।

৬(৪) আদালত তদন্ত বা পুন:তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর তাহা বিবেচনাক্রমে এবং উভয়পক্ষের পিতামাতা/আইনগত অভিভাবক এবং সংশ্লিষ্ট অপ্রাপ্ত বয়স্কের শুনানী অন্তে আদালতের নিকট যদি প্রতীয়মান হয় যে, অপ্রাপ্ত বয়স্কের সর্বোত্তম স্বার্থেই বিশেষ বিধানের আওতায় আবেদিত বিবাহ হওয়া সমীচীন এবং আবশ্যক, কেবল তখনই সংশ্লিষ্ট এলাকার বিবাহ রেজিস্ট্রারকে আবেদিত বিবাহ রেজিস্ট্রি করিবার অনুমতি প্রদান করিবেন।

৬(৫) উপবিধি ৬(৪)-তে প্রদত্ত আদেশে সংক্ষুব্ধ যে কোন পক্ষ উচ্চতর আদালতে আপীল করিতে পারিবেন।

------

**তফসিল-১**

[বিধি-৩ (৩) (খ) দ্রষ্টব্য]

**ফরম- ক**

বাল্যবিবাহ প্রতিরোধ ও নিরোধ সংক্রান্ত জেলা কমিটির প্রতিবেদন

................জেলা।

...................মাস, ...............সাল।

| ক্রমিক নং | উপজেলা/ থানার নাম | বাল্যবিবাহের তথ্য প্রাপ্তির সংখ্যা | বাল্যবিবাহ বন্ধের সংখ্যা | বিশেষ বিধানের আওতায় প্রাপ্ত আবেদনের সংখ্যা | বিশেষ বিধানের আওতায় অনুমতি প্রাপ্ত বিবাহের সংখ্যা | বিশেষ বিধানের আওতায় অন্যরূপ সিদ্ধান্তের সংখ্যা ও সিদ্ধান্ত | বিশেষ প্রেক্ষাপটের বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| মোট | | | | | | | | |

**ফরম-খ**

| ক্রমিক নং | উপজেলা/ থানার নাম | বিচারিক আদালতে দায়েরকৃত মামলার সংখ্যা | | | ভ্রাম্যমান আদালতে দায়েরকৃত মামলার সংখ্যা | | | মোট মামলার সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | দায়েরকৃত | নিস্পত্তিকৃত | পেন্ডিং | দায়েরকৃত | নিস্পত্তিকৃত | পেন্ডিং | দায়েরকৃত | নিস্পত্তিকৃত | পেন্ডিং | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

সদস্য সচিবের স্বাক্ষর

সভাপতির স্বাক্ষর

## তফসিল-২

[বিধি-৩ (৪) (খ) দ্রষ্টব্য]

### ফরম- ক

বাল্যবিবাহ প্রতিরোধ ও নিরোধ সংক্রান্ত উপজেলা কমিটির প্রতিবেদন

................উপজেলা।

...................মাস, ...............সাল।

| ক্রমিক নং | পৌরসভা/ইউনিয়ন এর নাম | বাল্যবিবাহের তথ্য প্রাপ্তির সংখ্যা | বাল্যবিবাহ বন্ধের সংখ্যা | বিশেষ বিধানের আওতায় প্রাপ্ত আবেদনের সংখ্যা | বিশেষ বিধানের আওতায় অনুমতি প্রাপ্ত বিবাহের সংখ্যা | বিশেষ বিধানের আওতায় বিবাহ ব্যতিত অন্যরূপ সিদ্ধান্তের সংখ্যা ও সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| মোট | | | | | | | |

### ফরম-খ

| ক্রমিক নং | পৌরসভা/ ইউনিয়ন এর নাম | বিচারিক আদালতে দায়েরকৃত মামলার সংখ্যা | | | ভ্রাম্যমান আদালতে দায়েরকৃত মামলার সংখ্যা | | | মোট মামলার সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | দায়েরকৃত | নিস্পত্তিকৃত | পেন্ডিং | দায়েরকৃত | নিস্পত্তিকৃত | পেন্ডিং | দায়েরকৃত | নিস্পত্তিকৃত | পেন্ডিং | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

সদস্য সচিবের স্বাক্ষর

সভাপতির স্বাক্ষর

তফসিল-৩

[বিধি-৫ (১) দ্রষ্টব্য]

**মুচলেকা**

আমি (নাম)..........................................................পিতা..............................................

মাতা..............................গ্রাম/ওয়ার্ড.......................................পৌরসভা/ইউনিয়ন.................

উপজেলা/থানা..........................জেলা......................বয়স..................পেশা...........................

জাতীয় পরিচয় পত্র নং ..................................................................................................

স্বীকার করিতেছি যে, আমার সহযোগিতায় আমার ........................................................ (সম্পর্ক**)

নাম..................................পিতা...................................., মাতা.......................................

গ্রাম/ওয়ার্ড......................, পৌরসভা/ইউনিয়ন........................., উপজেলা/থানা.........................

জেলা........................ এর সাথে (নাম)................................ পিতা..........................................

মাতা............................গ্রাম/ওয়ার্ড...................................পৌরসভা/ইউনিয়ন.....................

উপজেলা/থানা.........................জেলা......................বয়স..................বাল্যবিবাহের যে বেআইনি উদ্যোগ গ্রহণ করিয়াছিলাম উহার সাথে যুক্ত হইবার জন্য আমি লজ্জিত, দুঃখিত এবং অনুতপ্ত।

০২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ভবিষ্যতে আমি বাল্যবিবাহের সহিত সম্পৃক্ত হইব না এবং আমার নিকটবর্তী এলাকায় বাল্যবিবাহ বন্ধে সর্বাত্নক প্রচেষ্টা গ্রহণ করিব।

৩। যদি আমি এই অঙ্গীকার ভঙ্গ করি তাহা হইলে আমার বিরুদ্ধে আইনানুগ যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইলে তাহা আমি প্রতিপালন করিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর.................................................

স্বাক্ষীর নাম ও ঠিকানা

নাম....................................................

মোবাইল নং...........................................

তারিখ.................................................

১।

২।

মুচলেকা গ্রহণকারী: ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা

** নিজ সন্তান, পালিত সন্তান, ভাই/বোন, নির্ভরশীল অন্যকোন নিকট আত্মীয়।